

খেলাধুলার মধ্যে ছিল বলেই আব্দুর রৌফ চৌধুরী সততার সঙ্গে আমাদের পথ দেখিয়ে গেছেন
-নৌপরিবহন প্রতিমন্ত্রী

দিনাজপুর, ২৩ জানুয়ারি ২০২৩


নৌপরিবহন প্রতিমন্ত্রী খালিদ মাহমুদ চৌধুরী এম.পি বলেছেন, প্রধানমন্ত্রী শেখ হাসিনা একজন ক্রীড়ামোদি। তিনি ক্রীড়াঙ্গনকে এগিয়ে নিয়ে যাচ্ছেন। সমগ্র বাংলাদেশের ক্রীড়াঙ্গন আলোকিত হচ্ছে। চারিদিকে খেলাধুলা ও ক্রীড়ার ধ্বনি পাচ্ছি। ফুটবল, ক্রিকেটসহ সর্বক্ষেত্রেই এগিয়ে যাচ্ছে। মেয়েরা অসম্ভবরকম ভাল করছে। যুবকরা ভাল করছে। আমাদের খেলোয়াড়রা ইতিমধ্যে কিছু কিছু ইভেন্টে আন্তর্জাতিক পর্যায়ে সুনাম বয়ে আনছে। দিনাজপুর একসময় ব্যাডমিন্টনসহ সবকিছুতেই ভাল ছিল। প্রতিভাধর ছিল। দিনাজপুরের যুবসমাজকে ক্রীড়াঙ্গনের দিকে মনযোগী হওয়ার জন্য তিনি আহবান জানান। শুধু ল্যাপটপ, কম্পিউটার ও মোবাইল নিয়ে থাকলে হবে না। খেলাধুলায় থাকতে হবে। শারীরিক সক্ষমতার জন্য খেলাধুলার দরকার আছে। খেলাধুলার কোন বিকল্প নাই। খেলাধুলার মধ্যে ছিল বলেই আব্দুর রৌফ চৌধুরী সততার সঙ্গে আমাদের পথ দেখিয়ে গেছেন। যারা খেলাধুলা ও সংস্কৃতির মধ্যে থাকে তারা সবসময় এধরনের ব্যক্তিত্বের অধিকারী হন। আমাদের সকলকে খেলাধুলা ও সংস্কৃতির অঙ্গনের মধ্যে থাকতে হবে।

প্রতিমন্ত্রী আজ দিনাজপুর ইনস্টিটিউট প্রাঙ্গণে বিশিষ্ট ক্রীড়াবিদ, বীর মুক্তিযোদ্ধা, সাবেক প্রতিমন্ত্রী আব্দুর রৌফ চৌধুরীর স্মরণে দিনাজপুর ইনস্টিটিউট আয়োজিত ২য় ব্যাডমিন্টন প্রতিযোগিতা-২০২৩ এর চূড়ান্ত খেলার পুরস্কার বিতরণী অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তৃতায় এসব কথা বলেন।

দিনাজপুর ইনস্টিটিউটের সভাপতি মো. রফিকুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে বক্তব্য রাখেন জেলা আওয়ামী লীগের সাধারণ সম্পাদক আলতাফুজ্জামান মিতা, পুলিশ সুপার শাহ ইফতেখার আহমেদ।

প্রতিমন্ত্রী বলেন, বাংলাদেশ আওয়ামী লীগ যখন দেশ পরিচালনায় থাকে তখন একটি সমন্বিত অগ্রযাত্রা তৈরি হয়। সর্বক্ষেত্রে সমন্বিত উন্নয়ন হচ্ছে। এ উন্নয়নকে ধরে রাখতে হবে। এ উন্নয়ন ধরে রাখার জন্য শপথ নিতে হবে। আশা করি সে ধারায় এগিয়ে যাব। প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশ উদ্যম গতিতে এগিয়ে চলছে। সমগ্র পৃথিবীতে যখন টালমাটাল অবস্থা, বাংলাদেশ এখনো স্বাভাবিক আছে। এটা প্রধানমন্ত্রী শেখ হাসিনার সাহসী ও দূরদর্শী নেতৃত্বের কারণে সম্ভব হয়েছে। শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশ উন্নয়নশীল দেশ হয়েছে; শেখ হাসিনার নেতৃত্বেই বাংলাদেশ উন্নত দেশ হবে। দিনাজপুর সেখান থেকে বাদ থাকবেনা।

প্রতিমন্ত্রী আবেগতাড়িত হয়ে বলেন, তাঁর বাবা আব্দুর রৌফ চৌধুরী যখন মারা যান তখন সময়টা খুবই খারাপ ছিল। ওয়ান ইলেভেনের সরকার ছিল। বাংলাদেশে রাজনীতি পুরোপুরি নিষিদ্ধ ছিল। ঘোলাটে, ধোঁয়াট ও ঘুমট অবস্থা ছিল। সেসময় তিনি আমাদের মাঝ থেকে চলে যান। আব্দুর রৌফ চৌধুরী ক্রীড়াঙ্গনের মানুষ ছিলেন। দিনাজপুরের ক্রীড়াঙ্গন তাঁর পদচারণায় অনেক আলোকিত হয়েছে। রাজনৈতিক জীবনে তিনি অনেক ঝুঁকি নিয়েছেন। অনেক ঘাত প্রতিঘাত মোকাবেলা করেছেন। কখনো আপস করেন নাই। ক্রীড়াবিদ, ক্রীড়া সংগঠক, মুক্তিযোদ্ধা, রাজনীতিবিদ আব্দুর রৌফ চৌধুরীকে ধরে রাখার জন্য দিনাজপুর ইনস্টিটিউট ২য় বারের মতো ব্যাডমিন্টন প্রতিযোগিতার আয়োজন করায় আয়োজকদের তিনি ধন্যবাদ জানান। তিনি বলেন, এভাবেই আমাদের পূর্বপুরুষরা বেঁচে থাকবেন। সেটাই আমাদের প্রত্যাশা, তারা চলার পথের পাথেয় হয়ে থাকবেন।


মো. জাহাঙ্গীর আলম খান
সিনিয়র তথ্য অফিসার
নৌপরিবহন মন্ত্রণালয়
০১৭১১-৪২৫৩৬৪